

ওষুধের সহায়তায় গর্ভপাত করার পরে

আপনার যা যা হতে পারে:

মিফেপ্রিস্টোন (Mifepristone) এবং মিসোপ্রোস্টোল (Misoprostol) খাওয়ার পরে পেট কামড়ে-ধরা যন্ত্রণা এবং রক্তপাত হতে পারে। মাসিক ঋতুস্রাব হওয়ার সময় যেমন হয় এক্ষেত্রে তার থেকে বেশি হতে পারে। আপনার পাতলা পায়খানা, গা-গুলোনো বা শীত-শীত ভাব করতে পারে। কয়েক ঘণ্টার মধ্যেই এই ধরনের লক্ষণের মাত্রা কম হতে থাকবে।

- আপনি বড়িগুলি খাওয়ার 2-4 ঘণ্টা পর থেকে সাধারণত পেট কামড়ে-ধরা যন্ত্রণাটা শুরু হয় এবং 3-5 ঘণ্টা পর্যন্ত থাকতে পারে। আপনার যদি পেট কামড়ে-ধরা যন্ত্রণা হয়, তাহলে আপনি আইবুপ্রোফেন (Ibuprofen) বা টাইলেনল (Tylenol) (অ্যাসিটামিনোফেন) জাতীয় ব্যথা উপশমের ওষুধ খেতে পারেন বা গরম সেক দিতে পারেন।
- রক্তপাত হওয়ার অর্থ হল চিকিৎসাটি কাজ করেছে। রক্তপাত বেশ কয়েকদিন ধরে বা 4 সপ্তাহ পর্যন্ত চলতে পারে এবং এটি কয়েকবার বন্ধ হয়ে গিয়ে আবার শুরু হতে পারে।
- আপনার মেজাজের ক্ষেত্রে কিছু পরিবর্তন অনুভব করতে পারেন। গর্ভপাতের পর আপনার নিশ্চিন্ত লাগতে পারে, মনখারাপ হতে পারে বা মেজাজটা একটু খারাপ থাকতে পারে। এই ধরনের অনুভূতিগুলি আপনার শরীরে হরমোনের পরিবর্তনের ফলে হয়। গর্ভপাতের পরে মন-মেজাজ কেমন থাকবে সে ব্যাপারে যদি আপনি উদ্বিগ্ন থাকেন তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে কথা বলুন।
- 4-8 সপ্তাহের মধ্যে আপনার স্বাভাবিক ঋতুচক্র শুরু হতে পারে। এটি প্রতিটি ব্যক্তির ক্ষেত্রে আলাদা আলাদা হতে পারে।
- মিসোপ্রোস্টোল (misoprostol) খাওয়ার পর প্রথম 24 ঘণ্টায় আপনার জ্বর আসতে পারে বা শীত-শীত ভাব লাগতে পারে। 24 ঘণ্টার বেশি যদি আপনার জ্বর বা শীত-শীত ভাব থাকে, তাহলে আপনার ডাক্তারের সাথে কথা বলা উচিত।

অতিরিক্ত সহায়তার জন্য 617-749-2948 নম্বরে টেক্সট করুন বা exhaleprovoice.org/resources লিঙ্ক দেখুন

বিপদের লক্ষণ এবং ডাক্তারকে কখন ডাকতে হবে:

এই নম্বরে আপনার ডাক্তারকে কল করুন:
যদি নিম্নলিখিত লক্ষণের মধ্যে যেকোনও একটি হয় তাহলে সঙ্গে সঙ্গে কল করুন:

- একনাগাড়ে 2 ঘণ্টা ধরে রক্তপাত হয়ে যাওয়ার ফলে প্রতি ঘণ্টায় 2টির বেশি ম্যাক্সি প্যাড সম্পূর্ণ ভিজে যায়।
- মিসোপ্রোস্টোল (Misoprostol) খাওয়ার পরে 24 ঘণ্টার মধ্যে যদি রক্তপাত শুরু না হয়।
- পেটে কামড়ে-ধরা প্রচণ্ড যন্ত্রণা এবং রক্তপাত হওয়ার পর আপনি যদি অত্যন্ত অসুস্থ বোধ করতে থাকেন।

ফলো-আপ চিকিৎসার জন্য আপনার ডাক্তারের সাথে দেখা করা দরকার।



বড়ি খাওয়ার 7-14 দিন পরে আপনাকে ফলো-আপ চিকিৎসার জন্য ডাক্তারের সাথে দেখা করতে হবে। ডাক্তারের সাথে দেখা করাটা খুবই জরুরি। এইবারের ভিজিটের সময়, আপনার শরীরে ওষুধ ঠিকমতো কাজ করেছে এবং গর্ভপাত প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে কিনা তা ডাক্তার চেক করে দেখবেন। আপনি সশরীরে উপস্থিত হয়ে বা টেলি-স্বাস্থ্য পরিষেবার মাধ্যমে ভিজিট করতে পারেন।

ওষুধের সহায়তায় গর্ভপাত করার ঠিক পরেই আপনি জন্ম-নিয়ন্ত্রণের জন্য পদক্ষেপ নিতে পারবেন।



আপনি জন্ম-নিয়ন্ত্রণের জন্য পদক্ষেপ গ্রহণ করতে চাইলে, আপনার ডাক্তার বিকল্পগুলি নিয়ে আপনার সঙ্গে কথা বলতে পারেন।

আপনার গর্ভপাতের 4 সপ্তাহ পরে একটি গর্ভধারণ পরীক্ষা করুন। আপনার পরীক্ষার ফল পজিটিভ হলে (অর্থাৎ আপনি গর্ভবতী বলে দেখা গেলে), ডাক্তারের সাথে যোগাযোগ করতে কল করুন।

আপনার মনে কোনও প্রশ্ন বা দুঃশ্চিন্তা থাকলে:

এই নম্বরে আমাদের কল করুন:

